

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তির ওপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ ইব্রাহীম হোসেন খান
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ : ১৬ আগস্ট ২০১৭
সময় : সকাল ১১-০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

গত ১১ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সচিব মহোদয়ের নির্দেশক্রমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির ওপর ১৬-০৮-২০১৭ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট-ক-তে দয়া করে দেখা যেতে পারে।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং কার্যপত্র মোতাবেক সভায় দপ্তর/সংস্থাওয়ারী শ্রেণীভিত্তিক অনিষ্পন্ন অডিট আপত্তির বিবরণ উপস্থাপন করার জন্য উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা-কে আহ্বান জানান। অতঃপর উপসচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা) দপ্তর/সংস্থাওয়ারী শ্রেণীভিত্তিক তথা দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় এবং পি, এ কমিটিতে অনিষ্পন্ন অডিট আপত্তির বিবরণ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। সভায় মন্ত্রণালয়ের অধীন ১৭টি দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করা হয় এবং যত দ্রুত সম্ভব নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সভায় অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের ওপর বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বিভিন্ন দপ্তর/সংস্থায় দীর্ঘদিনের পুরাতন অডিট আপত্তি রয়েছে। কোন কোন ক্ষেত্রে যথাযথ প্রমাণক উপস্থাপনের অভাবে আপত্তি উত্থাপিত হয়েছে। এগুলির বছরভিত্তিক পর্যালোচনাপূর্বক প্রমাণক সংগ্রহ করা প্রয়োজন। কিছু কিছু ক্ষেত্রে অর্থ আদায়ের বিষয়টিও জড়িত রয়েছে।	i) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সঠিক প্রমাণক সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে; ii) প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থ আদায় করতে হবে; iii) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিরীক্ষা অধিদপ্তরের সংগে যোগাযোগপূর্বক দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এবং বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২	আপত্তি পর্যালোচনায় দেখা যায় যে অনেক আপত্তি উত্থাপিত হয়েছে মূলত: সময়মত অগ্রিম সমন্বয় না করার কারণে। এ কারণে অগ্রিম গ্রহণের ১ মাসের মধ্যে অগ্রিম সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	গৃহীত অগ্রিম ৩০ দিনের মধ্যে সমন্বয় করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা থেকে একটি সার্কুলার জারি করা হবে।	সকল দপ্তর/সংস্থা এবং বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩	বাংলাদেশ শিল্পকলা একাডেমি বিভিন্ন সময় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চাহিদা অনুযায়ী অনুষ্ঠান করার কারণে বাজেট অতিরিক্ত ব্যয় করেছে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে উক্ত ব্যয়িত অর্থ না পাওয়ায় বিভিন্ন বছরে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বিষয়ে একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। শিল্পকলা একাডেমির দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা হতে পাওনা পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্তের জন্য কার্যক্রম গ্রহণ করবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪	বাংলা একাডেমির পূঞ্জিভূত অনিষ্পন্ন অডিট আপত্তি পর্যালোচনা করে দেখা যায় যে যথাযথ প্রমাণকের অভাবে আপত্তি নিষ্পত্তিতে বিলম্ব হচ্ছে।	অডিট আপত্তিসমূহ নিবিড়ভাবে পর্যালোচনা করে প্রমাণক সংগ্রহপূর্বক আপত্তি নিষ্পত্তির কার্যক্রম জোরদার করতে হবে।	বাংলা একাডেমি
৫	কোন কোন দপ্তর/সংস্থায় নিয়মিত বার্ষিক অডিট কার্যক্রম সম্পাদিত হচ্ছে না মর্মে সভায় আলোচনা হয়।	i) প্রত্যেক দপ্তর/সংস্থায় যাতে নিয়মিত নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয় সে বিষয়ে উদ্যোগ নিতে হবে এবং নিরীক্ষা অধিদপ্তরের সংগে যোগাযোগ রাখতে হবে; ii) অডিট আপত্তি পরিহারের লক্ষ্যে সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথভাবে আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাঃ/-
২৩/০৮/২০১৭
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, প্রস্তুতকৃত অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা।
৩. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
৭. পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮. উপসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৯. উপসচিব, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১১. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১২. রেজিস্ট্রার, কপিরাইট অফিস, ঢাকা।
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৫. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
১৭. পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, কমলগঞ্জ, মৌলভীবাজার।
১৮. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৯. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
২০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব- ৪/ ৬, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২১. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৫ম ও ৬ষ্ঠতলা, সেগুনবাগিচা, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব এর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪. অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৫. সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইট এবং দপ্তর/সংস্থার ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৭. যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।



(কাজী মেহাস্মদ মাইনুদ্দিন)
সহকারী সচিব (বাজেট ও অডিট)

ফোনঃ ৯৫৪৬৩৬০

e-mail: as_budget@moca.gov.bd